16

দৈনিক সংবাদ

তারিখ 30 MAY 1993
পৃষ্ঠা ৬ কলাম ৫

# 'অবাধ্য' ছাত্র ও একজন হাফেজ শিক্ষকের কীর্তি

।। মলয় ভৌমিক ।।

রাজশাহী, ২৯শে মে।- ছাত্র যদি শিক্ষকের কথার 'অবাধ্য' হয় তাহলে কি ধরনের শাস্তি হওয়া উচিত, তার এক নির্মম নমুনা-চিত্র আঁকা হয়েছে ১১ বছর বয়সের এই বালকটির শরীরে। শুধু পিঠে নয়, ক্যামেরার চোখ দেখতে পায়নি শরীরের এমন সব স্থানেও রয়েছে নির্যাতনের অসংখ্য ক্ষতচিহ্ন। আধুনিক-কালের উপকরণ বিদ্যুতের তার দিয়ে বানানো হয়েছে মধ্যযুগীয় হাতিয়ার চাবুক। তারপর মাটিতে ফেলে দু'পায়ে চেপে ধরে সারা শরীর ক্ষতবিক্ষত করা হয়েছে সেই চাবুক দিয়ে। শিশু অধিকার সম্পর্কে সচেতনতার যুগে একজন মাদ্রাসা শিক্ষক তার 'প্রিয়' ছাত্রের শরীরে এই বর্বরোচিত নির্যাতনের স্বাক্ষর রচনা করেছেন। কি অপরাধ করেছিল বালকটি?

আবদুল্লাহ আল-ফারুক নামের এ বালকটি রাজশাহী মহানগর হেতম খাঁ মসজিদের হাফেজিয়া মাদ্রাসার ছাত্র। ফারুকের বাবা রূপালী ব্যাংক রাজশাহী কাজী নজরুল ইসলাম সড়ক শাখার কর্মকর্তা শহীদুল ইসলাম বোয়ালিয়া থানায় প্রদত্ত জিডি এবং ইসলামিক ফাউন্ডেশন কর্তৃপক্ষকে দেয়া লিখিত অভিযোগে উল্লেখ করেছেন, ইসলামিক ফাউন্ডেশন পরিচালিত ঐ মাদ্রাসার শিক্ষক হাফেজ মোশাররফ হোসেন গত ১৬ই মে চাবুক দিয়ে ফারুকের ওপর অমানুষিক নির্যাতন চালায়। শুধু তাই নয়, ফারুককে মাটিতে ফেলে তার শরীর দু'পায়ে মাড়ানো হয়। এতে ফারুক শুধু গুরুতররূপে আহতই হয়নি, সে অনেকটা মানসিক ভারসাম্যও হারিয়ে ফেলেছে। কি জন্য শিক্ষক ক্ষেপে এই কান্ড ঘটিয়েছেন তা অভিযোগে বলা হয়নি। কানে প্রচন্ড আঘাত পাওয়ায় ঠিকমত কানেও শুনতে পাচ্ছে না সে। অভিযোগে আরো উল্লেখ করা হয়েছে, বেহেশতবাসী হবার লোভ দেখিয়ে হাফেজ মোশাররফ হোসেন ফারুককে দিয়ে নিজের বাড়ির কাজ করিয়ে নিত। ফারুক অন্যান্য ছাত্রের সাথে ঘর ঝাড়ু দেয়া, নর্দমা পরিষ্কার করা, বাজার করা এমনকি মোশাররফ হোসেনের স্ত্রীর কাপড়ও কেচে দিতে বাধ্য হত। এসব কাজ করতে আপত্তি করায় তার ওপর নেমে আসে অমানুষিক নির্যাতন। অভিযোগলিপিতে উল্লেখ করা হয়েছে, হাফেজ মোশাররফ হোসেন এক অসৎ ব্যক্তি। তার নির্যাতনের শিকার হয়ে বহু ছাত্র মাদ্রাসা ত্যাগ করে চলে গেছে। সে একজন চোরাকারবারী বলেও অভিযোগ করা হয়। এছাড়া ছাত্রদের দিয়ে অল্প টাকার জিনিস কিনে বেশি টাকার ভাউচার লিখিয়ে মাদ্রাসার অনেক টাকা আত্মসাৎ করার অভিযোগও তার বিরুদ্ধে আনা হয়েছে। হাফেজ মোশাররফ হোসেন এই ঘটনার পর থেকে পলাতক। তাকে খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবি জানিয়েছে রাজশাহীবাসী।



*রাজশাহী ঃ অমানুষিক নির্যাতনের শিকার আব্দুল্লা আল ফারুক।* —সংবাদ

SHEET —— OF —— SHEETS